

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

বিষয় : কৃষি ও সেচ উন্নয়ন কমিটির ডিসেম্বর/ ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।
তারিখ : ১০/১২/২০২১খ্রিঃ।
সময় : বিকাল-২.৩০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
সভাপতি : মোঃ ইব্রাহীম শেখ
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি অতঃপর তিনি গত ০৮/১০/২০২১ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অত্র সভা কর্তৃক অনুমোদিত ও দৃষ্টীকরণ করা হয়। তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ সুপারিশমালা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের বিষয়ে মতামত প্রদান করেন। এ পর্যায়ে তিনি উপজেলার বর্তমান বিভিন্ন ফসলের আবাদ, সারের মজুদ ও সরবরাহ পরিস্থিতি, সেচ পরিস্থিতি সম্পর্কে মতামত প্রদানের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ করেন।

সভায় উপস্থিত উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, বর্তমানে সমগ্র উপজেলার জন্য প্রয়োজনীয় সার মজুদ আছে এবং সারের সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আগামী ২/৩ মাসের মধ্যে সারের ঘাটতি পড়ার কোন সম্ভাবনা নেই। তিনি আরো বলেন যে, কৃষি বিভাগের উপ-সহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ ইউনিয়ন পর্যায়ে কৃষকদের সার্বিক সহায়তা ও পরামর্শ প্রদান করায় চলতি মৌসুমে আবাদী জমির পরিমাণ বৃদ্ধি পেয়েছে এবং ফলনও বেশী হবে। এ ছাড়া উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের সার্বিক তত্ত্বাবধানে কৃষকবৃন্দ রাসায়নিক সারের পরিবর্তে জৈবিক সার প্রয়োগে অধিক আগ্রহী হওয়ায় ফলন যেমন বেশী হচ্ছে তেমনি জনস্বাস্থ্যেরও উন্নয়ন সাধিত হচ্ছে।

কৃষি ও সেচ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পর্যায়ে চাষাবাদ ভালভাবে পরিচালিত হওয়ায় এবং কৃষি বিভাগের তত্ত্বাবধানে জৈব সারের ব্যবহার বৃদ্ধি পাওয়ায় সভার পক্ষ হতে কৃষি বিভাগকে ধন্যবাদ জানানো হয় এবং তাদের এ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভার পক্ষ হতে উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইলকে পুনঃ অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ইব্রাহীম শেখ)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ উন্নয়ন কমিটি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০০.০০০.০০.২১- ১০৮

তারিখ : ১০/১২/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

০২। জনাব



সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ উন্নয়ন কমিটি

ও

উপজেলা কৃষি অফিসার

কালিয়া, নড়াইল।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০০.০০০.-২২.০০২

তারিখঃ ৬/২/২২ খ্রিঃ।

বিষয়ঃ কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির ৬/২/২২ তারিখের সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২০/২/২২ খ্রিঃ তারিখ বেলা- ২.৩০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভা উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।
উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।


(মোঃ ইব্রাহিম শেখ)
সভাপতি
কৃষি ও সেচ কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

প্রাপকঃ জনাব
.....।